গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুল মান্নান<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৪.০৯.২০২৫ খ্রি. |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | জিএসবির ৪র্থ তলার সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট- ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালক মহোদয় পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা সংশোধনী প্রস্তাব আছে কিনা তা জানতে চান। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান (পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা) বলেন, পূর্ববর্তী আগস্ট, ২০২৫ খ্রি. মাসের কার্যবিবরণীর প্রকল্প সংক্রান্ত আলোচনার ৬.৩ অনুচ্ছেদে নিম্নরূপ সংশোধন রয়েছে:

সবুজ পাতায় অন্তর্ভুক্ত জিএসবির ভবিষ্যৎ ০৮ (আট)টি প্রকল্পের মধ্যে ০৫ (পাঁচ)টি প্রকল্পের তথ্য পিপিএস সফটওয়্যারে প্রদান করা হয়েছে। বাকী প্রকল্পের ডিপিপি/টিপিপি/টিএপিপি প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। 'বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ভূমিকম্প গবেষণা অবকাঠামোর সক্ষমতা অর্জন' শীর্ষক প্রকল্পের জন্য স্টেক হোল্ডারদের সাথে আলোচনা করতে হবে। এছাড়া ৬.৩ অনুচ্ছেদে বর্ণিত "রেয়ার আর্থ ইলিমেন্ট সেপারেশন প্রকল্পের জন্য একটি গবেষণাগার প্রয়োজন" তথ্যটি কার্যবিবরণী থেকে বাদ দিতে হবে।

আর কোন মতামত বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিতে উপরোক্ত সংশোধনীসহ গত ২৪ -০৮-২০২৫ তারিখে অনুষ্ঠিত আগস্ট, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মো: আলী আকবর, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), জিওলজিক্যাল এক্সপ্লোরেশন এন্ড এপ্লিকেশন বিভাগ এবং জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), জিওলজিক্যাল ম্যাপিং এন্ড জিওল্যাবরেটরিজ বিভাগ কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ২৪-০৮-২০২৫ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| **ভূবিজ্ঞান সংক্রান্ত আলোচনা** | | | |
| **জিওলজিক্যাল এক্সপ্লোরেশন এন্ড এপ্লিকেশন ডিভিশন** | | | |
| **পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা** | | | |
| ৩.১ | শাখা প্রধান মিজ সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "যশোর জেলার ভবদহ অঞ্চল ও এর আশেপাশের পরিবেশ ভূতত্ত্ব বিশ্লেষণ" শীর্ষক বহিরঙ্গান কর্মসূচিটি সম্পূর্ণ করে গত জুন, ২০২৫ খ্রি. মাসে সদর দপ্তরে যোগদান করেছে। বহিরঙ্গান কর্মসূচি হতে সংগৃহীত নমুনা বাছাই করে গবেষণাগারে বিশ্লেষণের কাজ চলমান রয়েছে। নমুনা বিশ্লেষণ শেষ হলে প্রতিবেদন জমা প্রদান করা হবে। এছাড়া পেন্ডিং প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। মহাপরিচালক মহোদয় বলেন, প্রত্যেক মাসে নমুনা বাছাই ও নমুনা বিশ্লেষণের সংখ্যা উল্লেখ করতে হবে। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের বহিরঙ্গান কর্মসূচির চূড়ান্ত প্রতিবেদন প্রণয়নপূর্বক জমা প্রদান করতে হবে।<br><br>(খ) পেন্ডিং প্রতিবেদন ০২ (দুই)টি জমা প্রদান করতে হবে। | পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা। |
| **অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা** | | | |
| ৩.২ | জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান (অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা) বলেন, ২০২৫-২০২৬ অর্থবছরের "বাংলাদেশের উত্তরাঞ্চলে একটি ভূতাত্ত্বিক অনুসন্ধান কূপ খনন" শীর্ষক বহিরঙ্গান কর্মসূচি বাস্তবায়ন করার লক্ষ্যে টেন্ডার প্রক্রিয়া প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত শাখা হতে কর্মকর্তাগণ ৩-৪ মাস ড্রিলিং পয়েন্টে অবস্থান করে নমুনা সংগ্রহ করার কাজ করে থাকে। সে লক্ষ্যে কর্মকর্তাগণ বহিরঙ্গান কর্মসূচির প্রস্তুতি গ্রহণ করছে। | নভেম্বর, ২০২৫ খ্রি. থেকে খনন কার্যক্রম শুরু করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.৩ | শাখা প্রধান জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত) বলেন, ২০২৩-২০২৪ অর্থবছরে কুমিল্লা শহর ও আশেপাশের এলাকায় পরিচালিত বহিরঙ্গন কর্মসূচির জিও টেকনিক্যাল প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে, চলতি সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করা হবে। | সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের জিও টেকনিক্যাল প্রতিবেদন জমা প্রদান করতে হবে। | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা। |
| **অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা** | | | |
| ৩.৪ | শাখা প্রধান জনাব খন্দকার আবুল হাসান মোহাম্মদ সাইফুর রহমান, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "নওগাঁ জেলার অন্তর্গত পোরশা-সাপাহার ও তদসংলগ্ন এলাকায় আঞ্চলিক অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ" শীর্ষক বহিরগঙ্গন কর্মসূচির প্রতিবেদন প্রণয়ন শেষে রিভিউয়ের কাজ চলমান রয়েছে। সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে প্রতিবেদন জমা প্রদান করা হবে। | সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদন জমা প্রদান করতে হবে। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা |
| **ভূ-পদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা** | | | |
| ৩.৫ | শাখা প্রধান ড. সুলতানা নাছরিন নূরী, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, সহকারী পরিচালক (ভূ-পদার্থ)সহ অন্যান্য কর্মকর্তাদের জিও সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত একটি প্রস্তাবনা চলতি অর্থবছরের শুরুতেই প্রশিক্ষণ শাখায় প্রেরণ করা হয়েছে। ২৩ সেপ্টেম্বর, ২০২৫ তারিখ হতে ০৩ (তিন) দিন ব্যাপী ইন্সট্রুমেন্ট টেস্টিং প্রোগ্রাম শুরু হয়েছে। | (ক) সহকারী পরিচালক (ভূ-পদার্থ)সহ অন্যান্য কর্মকর্তাদের জিও সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br><br>(খ) সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে ইন্সট্রুমেন্ট টেস্টিং প্রোগ্রাম সম্পন্ন করতে হবে। | ভূ-পদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা ও সংশ্লিষ্ট শাখা |
| **ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা** | | | |
| ৩.৬ | শাখা প্রধান জনাব মোঃ শাহজাহান, উপপরিচালক (ভূ-পদার্থ) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "দিনাজপুর ও জয়পুরহাট জেলাধীন হাকিমপুর ও পাঁচবিবি উপজেলার হিলি-বাগজানা-করিয়া-কুতুবপুর এলাকার প্রতিসরণ ভূকম্পন জরিপ" শীর্ষক অসম্পূর্ণ বহিরগঙ্গন কর্মসূচিটি ডিসেম্বর, ২০২৫ খ্রি. মাসের প্রথম তিন সপ্তাহে সম্পন্ন করা হবে। ২০২২-২০২৩ অর্থবছরের ঢাকার মাতুয়াইলে পরিচালিত বহিরঙ্গন কর্মসূচিটির পেন্ডিং প্রতিবেদন আগামী সপ্তাহে জমা প্রদান করা হবে। | (ক) ডিসেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের অসম্পূর্ণ বহিরগঞ্জান কর্মসূচি সম্পন্ন করতে হবে।<br><br>(খ) ২০২২-২০২৩ অর্থবছরের বহিরঞ্জান কর্মসূচির পেন্ডিং প্রতিবেদন জমা প্রদান করতে হবে। | ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা |
| **খনন শাখা** | | | |
| ৩.৭ | শাখা প্রধান জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌ.) বলেন, এলজিইডি পাকা রাস্তা থেকে ড্রিলিং পয়েন্ট পর্যন্ত ৩৪০ মিটার রাস্তা নির্মান করতে হবে। জমির মালিকদের সাথে চুক্তি ও অগ্রিম অর্থ প্রদান করা হয়েছে। ড্রিলিং সংক্রান্ত সকল টেন্ডারিং কাজ চলমান রয়েছে। ড্রিলিং এর পূর্ব প্রস্তুতিমূলক কাজ (ড্রিলিং রিগ স্থাপনের স্থান, ফাউন্ডেশন বসানোর স্থান, মাড পিট-এর স্থান নির্ধারন ইত্যাদি) এবং বগুড়া অফিসের ড্রিলিং মেশিনারিজ মেরামতের জন্য নভেম্বর মাসের শুরুতেই একটি দল পরিদর্শনে যাবে। মিজ নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় শাখা বলেন, টেন্ডারিং প্রক্রিয়া শেষ হতে কিছু সময় লাগবে। | নভেম্বর, ২০২৫ খ্রি. থেকে খনন কার্যক্রম শুরু করতে হবে। | খনন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **জিওলজিক্যাল ম্যাপিং এন্ড জিওল্যাবরেটরিজ ডিভিশন** | | | |
| **স্তরতত্ত্ব ও জীবস্তরতত্ত্ব শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.৮ | শাখা প্রধান জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের “চট্টগ্রাম শহরের উপকূলীয় অংশে এবং এর আশেপাশে সামুদ্রিক দূষণ নির্দেশক হিসেবে বেন্থিক ফোরামিনিফেরার বৈশিষ্ট্য বিশ্লেষণকরণ” শীর্ষক বহিরঙ্গন কর্মসূচি হতে সংগৃহীত পানির ২৭ (সাতাশ)টি নমুনা বিশ্লেষণের জন্য বৈশ্লেষিক রসায়ন শাখায় প্রেরণ করা হয়েছে। ফোরামিনিফেরার ২৮ (আটাশ)টি নমুনার মধ্যে ৪ (চার)টি নমুনা গবেষণাগারে প্রস্তুত করা হয়েছে। এছাড়া, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরের ০২ (দুই)টি পেন্ডিং প্রতিবেদন প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে যা নভেম্বর, ২০২৫ খ্রি. মাসে জমা দেওয়া হবে। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের বহিরঙ্গন কর্মসূচির গবেষণাগারের কাজ শেষ করে প্রতিবেদন জমা প্রদান করতে হবে।<br>(খ) নভেম্বর, ২০২৫ খ্রি. মাসের মধ্যে ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরের পেন্ডিং প্রতিবেদন ০২ (দুই)টি জমা প্রদান করতে হবে। | স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা |
| **ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা** | | | |
| ৩.৯ | মিজ নুরুন নাহার ফারুকা, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান বলেন, ২০২৫-২০২৬ অর্থবছরের বহিরঙ্গন কর্মসূচি জানুয়ারি, ২০২৬ খ্রি. মাসে বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতি চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরের “ঢাকা জেলার দোহার উপজেলার হাইড্রোজিওলজিক্যাল অনুসন্ধানের মাধ্যমে পানির আধারের অবস্থান, গুণগতমান ও পরিবেশ মূল্যায়নকরণ এবং ভূ-রাসায়নিক মানচিত্র প্রস্তুতকরণ” শীর্ষক বহিরগঙ্গন কর্মসূচি হতে সংগৃহীত নমুনা বিশ্লেষণের কাজ গবেষণাগারে চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের পেন্ডিং প্রতিবেদন জমা প্রদান করা হয়েছে। | (ক) ২০২৫-২০২৬ অর্থবছরের বহিরঙ্গন কর্মসূচি জানুয়ারি, ২০২৬ খ্রি. মাসে বাস্তবায়ন করতে হবে।<br>(খ) ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদন ডিসেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করতে হবে। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা |
| **উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.১০ | শাখা প্রধান জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের “খুলনা জেলার অন্তর্গত দাকোপ উপজেলার ভূমিরূপের বৈশিষ্ট্যসমূহ এবং আনুষঙ্গিক উপকূলবর্তী দূর্যোগসমূহ নির্ধারনের লক্ষ্যে উপকূলীয় ভূতাত্ত্বিক মানচিত্রায়ন” শীর্ষক বহিরঙ্গন কর্মসূচির প্রতিবেদনটির রিভিউয়ের কাজ চলমান রয়েছে। | ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদনটি রিভিউ শেষে জমা প্রদান করতে হবে। | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা |
| **শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা** | | | |
| ৩.১১ | শাখা প্রধান জনাব মোহাম্মদ নুরুল হক, উপ-পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৫-২০২৬ অর্থবছরের ‘মাতামূহুরী নদীর ভূতাত্ত্বিক পাললিক বিশ্লেষণ’ শীর্ষক বহিরঙ্গন কর্মসূচিটি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি. মাসে বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতি চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরের “সিলেট জেলার গোয়াইনঘাট এবং জৈন্তাপুর উপজেলার সীমান্তবর্তী নদীসমূহ দ্বারা জমাকৃত পললের মণিকতাত্ত্বিক বিশ্লেষণ এবং কাঁচ বালির সম্ভাব্যতা নিরুপণ” শীর্ষক বহিরগঙ্গন কর্মসূচিটির প্রতিবেদন রিভিউ শেষে জমা প্রদান করা হবে। এছাড়া, ২০২৩-২০২৪ অর্থবছরের পেন্ডিং প্রতিবেদনের রিভিউ এর কাজ চলমান রয়েছে। | (ক) ২০২৫-২০২৬ অর্থবছরের ‘মাতামূহুরী নদীর ভূতাত্ত্বিক পাললিক বিশ্লেষণ’ শীর্ষক বহিরঙ্গন কর্মসূচিটি ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি. মাসে শুরু করতে হবে।<br>(খ) ২০২৪-২০২৫ অর্থবছরের প্রণয়নকৃত প্রতিবেদন ও ২০২৩-২০২৪ অর্থবছরের পেন্ডিং প্রতিবেদন রিভিউ শেষে জমা প্রদান করতে হবে। | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা |
| **ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারি ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.১২ | শাখা প্রধান ড. মোঃ আহসান হাবিব, উপপরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদনটির রিভিউয়ের কাজ চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের পেন্ডিং প্রতিবেদনটির প্রিন্টিংয়ের কাজ চলমান রয়েছে। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের প্রতিবেদন প্রণয়নপূর্বক জমা প্রদান করতে হবে।<br>(খ) ২০২৩-২০২৪ অর্থবছরের পেন্ডিং প্রতিবেদনসহ বাকী ০২ (দুই)টি পেন্ডিং প্রতিবেদন এবছরের মধ্যেই জমা প্রদান করা হবে। | ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা |
| **দূর অনুধাবন ও জিআইএস শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১৩ | শাখা প্রধান জনাব আবু সাঈদ মোহাম্মদ ফয়সাল, উপপরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরের "গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার স্পেশিও-টেম্পোরাল ডাইনামিকস নির্ধারণসহ ভূতাত্ত্বিক ও ভূ-প্রাকৃতিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচির প্রতিবেদন প্রণয়নপূর্বক মে, ২০২৬ খ্রি. মধ্যে জমা প্রদান করা হবে। ২০২৩-২০২৪ অর্থবছরে পরিচালিত "Jamuna River Shifting, Erosion and Depositipon Assesmentas well as Geological and Geomorphological Mapping of Phulchari Upazila, Gaibandha District" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচির প্রতিবেদন ইতোমধ্যে মাহাপরিচালক মহোদয়ের দপ্তরে জমা প্রদান করা হয়েছে।<br><br>সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ভোলাতে পরিচালিত বহিরঙ্গন কর্মসূচির পেন্ডিং প্রতিবেদনটি ডিসেম্বর, ২০২৫ খ্রি. মাসের মাসের মধ্যে জমা প্রদান করা হবে। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের বহিরঙ্গন কর্মসূচির প্রতিবেদন মে, ২০২৬ খ্রি. মধ্যে জমা প্রদান করতে হবে।<br><br>( খ) ভোলাতে পরিচালিত বহিরঙ্গন কর্মসূচির পেন্ডিং প্রতিবেদনটি ডিসেম্বর, ২০২৫ খ্রি. মধ্যে জমা প্রদান করতে হবে। | দূর অনুধাবন ও জিআইএস শাখা |
| **বৈশ্লেষিক রসায়ন শাখা** | | | |
| ৩.১৪ | শাখা প্রধান জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) বলেন, গত ২০২৪-২০২৫ অর্থবছরের কোন নমুনা বিশ্লেষণের কাজ পেন্ডিং নেই। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের নমুনা বিশ্লেষণের কাজ চলমান রয়েছে। | বিভিন্ন শাখা হতে প্রাপ্ত নমুনা বিশ্লেষণের কাজ নির্ধারিত সময়ে শেষ করতে হবে। | বৈশ্লেষিক রসায়ন শাখা |
| **প্রশাসনিক আলোচনা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৪ | মিজ নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় শাখা বলেন, নতুন নিয়োগ কমিটি গঠন করা হয়েছে। ৩য় ও ৪র্থ শ্রেণীর বিভিন্ন পদ শূন্য থাকায় অপেক্ষমান তালিকা থেকে নিয়োগ প্রক্রিয়া শুরু করা হবে। কিছু পদের ছাড়পত্রের জন্য গত এপ্রিল, ২০২৫ খ্রি. মাসে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। জিএসবির পূর্ববর্তী মহাপরিচালক মহোদয় কিছু পদ বিলুপ্তি ও পদনাম পরিবর্তনের জন্য নির্দেশনা প্রদান করেছিলেন। মহাপরিচালকে মহোদয় পদ বিলুপ্ত, পদনাম পরিবর্তনের জন্য একটি কমিটি গঠন এবং কমিটির সুপারিশের ভিত্তিতে প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় শাখা বলেন, সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (৯ম গ্রেড) এর ০১ টি পদে নিয়োগের লক্ষ্যে পুলিশ প্রত্যয়নের লক্ষ্যে ভিআর ফরম পূরণ করার জন্য সুপারিশকৃত প্রার্থী জিএসবিতে যোগাযোগ না করায় পিএসসিতে মোবাইল নম্বর বা ইমেইল আইডি প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। প্রোগ্রামার (৬ষ্ঠ গ্রেড) পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক একজন প্রার্থীর অনুকূলে সুপারিশ প্রেরণ করা হয়েছে এবং প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তক স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় শাখা নতুন গাড়ি ক্রয়ের বিষয়ে বলেন, ০১ (এক)টি জিপ ও ০১ (এক)টি ডাবল কেবিন পিকআপ, ০১ (এক)টি স্টাফ বাস ক্রয়ের নিমিত্ত অর্থ বিভাগ কর্তক চাহিত তথ্যাদি প্রেরণ ও যোগাযোগ অব্যাহত রয়েছে। শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় শাখা অডিট আপত্তি নিষ্পত্তি সম্পর্কে বলেন, ১০ টি অডিট আপত্তির মধ্যে ০৬ টি সাধারণ, ০৩ টি অগ্রিম, ০১ টি রিপোর্টভুক্ত। সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ১৪ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় সভায় ০৬ টি আপত্তির মধ্যে ০৪ টি আপত্তি নিষ্পত্তির জন্য অডিট অধিদপ্তর হতে সুপারিশ করা হয়েছে। ০৩ টি অগ্রিম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গত ২৯ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় ০৩ টি আপত্তি নিষ্পত্তির জন্য অডিট অধিদপ্তর হতে সুপারিশ করা হয়েছে। রিপোর্টভুক্ত ০১ টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অডিট আপত্তির সুপারিশের প্রেক্ষিতে পুনরায় জবাব প্রেরণ করা হয়েছে। শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় শাখা উইপোকা দমনে অফিসে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সম্পর্কে বলেন, ইতোমধ্যে জিএসবির ২৭ (সাতাশ)টি কক্ষে উইপোকা দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি অফিসে ইন্টারকম সংযোগ স্থাপনের বিষয়ে বলেন, ইতোমধ্যে ০২ (দুই)টি প্রতিষ্ঠান থেকে ইন্টারকমের কোটেশন নেয়া হয়েছে। জিএসবিতে ১২০-১৩০ টি টেলিফোন সংযোগ থাকলেও দীর্ঘদিন ধরে বেশীরভাগ টেলিফোন সংযোগ অচল হয়ে রয়েছে। বিটিআরসিতে চিঠি দেওয়া হলেও এ বিষয়ে কোন সমাধান হয়নি। মহাপরিচালক মহোদয়, বিটিআরসি এর সাথে অচল টেলিফোন সংযোগ সচল করার জন্য যোগাযোগ অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করেন। | (ক) কর্মকর্তা নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেতে হবে।<br><br>(খ) নতুন গাড়ী ক্রয়ের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>(গ) অডিট আপত্তি গুলো অতি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>(ঘ) অফিসে ইন্টারকম সংযোগ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| | **প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা** | | |
| ৫ | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ২০২৫-২০২৬ অর্থবছরের প্রস্তুতকৃত প্রশিক্ষণ ক্যালেন্ডার মহাপরিচালক মহোদয় অনুমোদন করেছেন। বার্ষিক ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষন কার্যক্রম পরিচালনা করা হবে। এছাড়া, কোন কর্মকর্তার বিশেষ কোন প্রশিক্ষণের প্রয়োজন হলে তা সংশ্লিষ্ট শাখার শাখা প্রধানের সুপারিশসহ আবেদনের প্রেক্ষিতে প্রশিক্ষণ শাখা হতে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে। নবীন কর্মকর্তাদের ওরিয়েন্টেশন প্রশিক্ষণের বিষয়ে মহাপরিচালক মহোদয় আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন। শাখা প্রধান জিএসবির সকল কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ বিষয়ে একটি ডাটাবেজ তৈরীর লক্ষ্যে কাজ চলমান রয়েছে বলে অবহিত করেন। | ২০২৫-২০২৬ অর্থবছরের প্রস্তুতপূর্বক প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ বিষয়ে ডাটাবেজ তৈরী করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |
| | **প্রকল্প সংক্রান্ত আলোচনা** | | |

| | | | |
|---|---|---|---|
| ৬.১ | মিজ আসমা হক, পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক (GICU প্রকল্প) বলেন, প্রকল্পের সময়সীমা শেষ হলে প্রকল্পের যন্ত্রপাতিগুলো জিএসবির নিকট ব্যবহারের জন্য হস্তান্তর করা হবে। প্রকল্পের ডাটা সংরক্ষণের জন্য স্পেস কেনার বিষয়ে BGR এর সাথে আলোচনা হয়েছে। সে অনুযায়ী BGR স্পেস ক্রয় ও রক্ষণাবেক্ষণ বাবদ আগামী ডিসেম্বর, ২০২৫ খ্রি. পর্যন্ত অর্থ প্রদান করবে। পরবর্তীতে স্পেস রক্ষণাবেক্ষণের জন্য জানুয়ারি, ২০২৬ খ্রি. থেকে জিএসবিকে অর্থ প্রদান করতে হবে। | পরিকল্পনা অনুযায়ী GICU প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | GICU প্রকল্পের টীম |
| ৬.২ | জনাব মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌ.) ও প্রকল্প পরিচালক (ESDC-GSB) বলেন, 'Enhancement and Strengthening of Drilling Capability of Geological Survey of Bangladesh' শীর্ষক প্রকল্পের প্রকল্পের জনবল কাঠামো অনুমোদন সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের অর্থনৈতিক কোডের অনুমোদনের কাজ অর্থ বিভাগে চলমান রয়েছে। | মন্ত্রণালয়ে নিয়মিত যোগাযোগের মাধ্যমে অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | ESDC-GSB প্রকল্প |
| ৬.৩ | জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা বলেন, জিএসবির সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পগুলোর মধ্যে কুড়িগ্রামের "বালু গবেষণা ও প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি ও নকশা প্রণয়নের কাজ স্থাপত্য অধিদপ্তরে চলমান রয়েছে। 'ঢাকার জেলার ভূগর্ভস্থ জলাধার অনুসন্ধান, গুনাগুন বিশ্লেষণ, দূষণ মৌলের উপস্থিতি সনাক্তকরণ এবং হাইড্রোজিওলজিক্যাল তথ্য ভান্ডার প্রস্তুতকরণ' শীর্ষক প্রকল্পটির মন্ত্রণালয়ে যাচাই বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। "জিএসবির ভূমিকম্প গবেষণা অবকাঠামোর সক্ষমতা অর্জন" বিষয়ক প্রকল্পের স্টেক হোল্ডারদের মতামত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। "খনিজ সম্পদের ত্বড়িত ভূতাত্ত্বিক অনুসন্ধান কার্যক্রম এবং ভূতাত্ত্বিক গবেষণাগারের আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে খনিজ সম্পদ অনুসন্ধানের জন্য তিন বছরে ছয়টি কূপ খননের পাশাপাশি ভূপদার্থিক জরিপ কার্যক্রম পরিচালনা করা হবে। "বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সক্ষমতাবৃদ্ধি ও শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পে জিএসবির গবেষণাগারগুলো আধুনিকায়ন ও মিরপুরের অবকাঠামো নির্মানের স্থাপত্য নকশার বিষয়ে আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। "বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলের বক্ষপুত্র-যমুনা, তিস্তা, দুধকুমার ও ধরলার বালুতে মূল্যবান মণিক ও মৌলের অনুসন্ধান" শীর্ষক প্রকল্পে রেয়ার আর্থ ইলিমেন্ট অনুসন্ধানের লক্ষ্যে মন্ত্রণালয় হতে পাইলটিং করার নির্দেশনা ছিলো। উক্ত প্রকল্পে অবকাঠামো নির্মানপূর্বক নমুনা বিশ্লেষণ করে ডাটাবেজ তৈরী করা হবে যার পরিপ্রেক্ষিতে বানিজ্যিকিকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। "বাংলাদেশে নেট-জিরো বাস্তবায়নে পরিচ্ছন্ন জ্বালানির প্রযুক্তিগত ও অর্থনৈতিক সম্ভাব্যতা যাচাই" শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের টিপিপি মন্ত্রণালয় হতে জাইকাতে প্রেরণ করা হয়েছে। "আধুনিক ভূপদার্থিক জরিপের মাধ্যমে বাংলাদেশের উত্তর-পশ্চিম অংশে সম্ভাবনাময় খনিজ এলাকা চিহ্নিতকরণ" শীর্ষক প্রকল্পটির প্রস্তাব জিএসবির যাচাই-বাছাই কমিটিতে জমা প্রদান করা হয়েছে। প্রকল্পটিতে এরিয়াল সার্ভে (গ্র্যাভিটি, ম্যাগনেটিক) ও ফিল্ড সার্ভে (জিওফিজিক্যাল) অন্তর্ভুক্ত। উক্ত ভূপদার্থিক অনুসন্ধান প্রকল্পটিতে আন্তর্জাতিক কনসালটেন্ট প্রয়োজন হবে। সচিব মহোদয়ের পর্যবেক্ষণ ছিলো যে, যেসব এলাকা কখনও জরিপ করা হয়নি সেসব এলাকা অন্তর্ভুক্ত করা যায় কিনা, কিন্তু সেক্ষেত্রে নির্ধারিত ০৩ (তিন) বছরের মধ্যে প্রকল্প শেষ করা সম্ভব হবে না। | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিগুলোকে টিপিপি/ডিপিপি প্রণয়ন করে অতিদ্রুত সময়ের মধ্যে জমা দিতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট শাখাসমূহ।<br><br>জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিসমূহ এবং সংশ্লিষ্ট সকল শাখা। |
| | **বিবিধ আলোচনা** | | |
| ৭ | মিজ নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় শাখা বলেন, সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন জাফলং এলাকায় অবস্থিত ভূতাত্ত্বিক ঐতিহ্য সংরক্ষণের জন্য নির্মিত স্থাপনায় লজিস্টিক সাপোর্টের জন্য কমিটির চাহিদা মোতাবেক প্রয়োজনীয় মালামাল ক্রয়ের চাহিদাপত্র স্টোরে প্রেরণ করা হয়েছে এবং এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় মালামাল ক্রয়পূর্বক জাফলং এলাকায় অবস্থিত জিএসবির সাইড অফিসে প্রেরণ করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |

৮। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সকল সংযুক্তিসমূহ:
(১) পরিশিষ্ট-ক

**সকল সংযুক্তিসমূহ:**
(১) পরিশিষ্ট-ক

০৬-১০-২০২৫
মোঃ আব্দুল মান্নান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.২১১.০৬.০০০৪.১৮.৪৫

তারিখ: ২১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) , উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-১), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
২। উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) , উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-২), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৩। প্রকল্প পরিচালক (GICU), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৪। শাখা প্রধানগণ।
৫। প্রকল্প পরিচালক, ESDC-GSB প্রকল্প, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

০৬-১০-২০২৫
নাসিমা বেগম
পরিচালক (ভূতত্ত্ব)